

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ প্রশিক্ষণ কেন্দ্র

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.২২৯.০৮.৫২৬.০৮ নথির বিষয়: ঢাকা ওয়াসায় নবনিযুক্তদের জন্য “ওরিয়েন্টেশন কোর্স” আয়োজন সংক্রান্ত

নোট: ১ নোটের বিষয়: ঢাকা ওয়াসায় নবনিযুক্ত ০১ জন জিও-হাইড্রোলজিস্ট ও ৩১ জন স্কাডা অপারেশন ইঞ্জিনিয়ার এর জন্য “ওরিয়েন্টেশন কোর্স” আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৫/৪/২৪ ২:৪১ অপরাহ্ন

বিবেচ্য বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৩-২৪ অর্থ বছরের জন্য প্রণীত এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় ঢাকা ওয়াসায় নবনিযুক্তদের জন্য ওরিয়েন্টেশন কোর্স অন্তর্ভুক্ত রয়েছে। সম্প্রতি ঢাকা ওয়াসায় ০১ জন জিও-হাইড্রোলজিস্ট ও ৩১ জন স্কাডা অপারেশন ইঞ্জিনিয়ার নিয়োগ প্রদান করা হয়েছে। উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডম) মহোদয় নবনিযুক্ত ০১ জন জিও-হাইড্রোলজিস্ট ও ৩১ জন স্কাডা অপারেশন ইঞ্জিনিয়ারকে ঢাকা ওয়াসার সার্বিক কার্যক্রম সম্পর্কে পরিচিত করানোর লক্ষ্যে আগামী ২৯ এপ্রিল ২০২৪ তারিখ হতে ওরিয়েন্টেশন কোর্স আয়োজনের জন্য টেলিফোনে মৌখিক নির্দেশ প্রদান করেছেন। ওরিয়েন্টেশন কোর্সের মাধ্যমে যাতে নবনিযুক্ত জিও-হাইড্রোলজিস্ট ও স্কাডা অপারেশন ইঞ্জিনিয়ারগণ ঢাকা ওয়াসার সার্বিক কার্যক্রম সম্পর্কে সম্যক স্পষ্ট ধারণা লাভ করতে পারেন সে নিরীখে সংক্ষিপ্ত কোর্স প্রোগ্রাম (সংযুক্ত) প্রণয়ন করা হয়েছে। উক্ত ওরিয়েন্টেশন কোর্স আগামী ২৯, ৩০ এপ্রিল, এবং ০২ মে ২০২৪ মেয়াদে ০৩ (তিন) কর্মদিবসব্যাপী ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত ওরিয়েন্টেশন কোর্সে বিভিন্ন বিষয়ে ব্রিফিং/বক্তৃতা প্রদানের জন্য ঢাকা ওয়াসার সংশ্লিষ্ট সিনিয়র কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো হবে। ০৩ (তিন) দিনব্যাপী উক্ত ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণের জন্য নবনিযুক্ত ০১ জন জিও-হাইড্রোলজিস্ট ও ৩১ জন স্কাডা অপারেশন ইঞ্জিনিয়ারকে মনোনয়ন দেয়া যেতে পারে।

সংযুক্তিসমূহ (২):

১। List_Scada Operation Engineer.pdf

২। Programme.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৫/৪/২৪ ২:৪৪ অপরাহ্ন

নবনিযুক্ত ৩২ (বত্রিশ) জনের জন্য ০৩ (তিন) দিনব্যাপী কোর্সটি সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	২০,০০০/-	৮ সেশন ২,০০০/- টাকা হারে+ ২ সেশন ১,৫০০/- টাকা হারে+১ সেশন ১,০০০/- টাকা হারে
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৩৮,৭০০/-	০১ জন জিও-হাইড্রোলজিস্ট ৫০০/- টাকা হারে + ৩১ জন স্কাডা অপারেশন ইঞ্জিনিয়ার জনপ্রতি ৪০০/- টাকা হারে ৩ দিন
(গ) দুপুরের খাবার ও চা নাস্তা ২ বার	৬২,৭০০/-	৩২ জন প্রশিক্ষণার্থী, বক্তা ও সাপোর্টিং স্টাফসহ ৩৮ জন ৫৫০/- টাকা হারে ০৩ দিন)
(ঘ) পানি	৪,০৫০/-	(৩ দিনের জন্য আধা লিটার ৩০ কেস ১৩৫/- টাকা হারে)
(ঙ) ব্যাগ, নোটবুক ও কলম	২৭,৮৪০/-	(৩২ সেট ৮৭০/- টাকা হারে)
(চ) কোর্স ম্যাটারিয়াল ফটোকপি ও বিবিধ	১৫,০০০/-	আনুমানিক লামসাম
সর্বমোট	=১,৬৮,২৯০/-	(কথায়ঃ টাকা এক লক্ষ আটষটি হাজার দুইশত নব্বই মাত্র)

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৫/৪/২৪ ২:৪৫ অপরাহ্ন

এমতাবস্থায়, নবনিযুক্ত ০১ জন জিও-হাইড্রোলজিস্ট ও ৩১ জন স্কাডা অপারেশন ইঞ্জিনিয়ার এর মনোনয়ন, ওরিয়েন্টেশন কোর্সের প্রশিক্ষণসূচী, কোর্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =১,৬৮,২৯০/- (টাকা এক লক্ষ আটষষ্টি হাজার দুইশত নব্বই মাত্র) ব্যয়ের অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্স সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।



২৫/৪/২৪ ২:৪৭ অপরাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র



২৫/৪/২৪ ২:৫০ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



২৫/৪/২৪ ৫:৩২ অপরাহ্ন
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) (অতিরিক্ত
দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর

২৫/৪/২৪ ৫:৩২ অপরাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৬/৪/২৪ ৬:০১ পূর্বাহ্ন


Okay



২৬/৪/২৪ ৬:০১ পূর্বাহ্ন
প্রকৌশলী তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



২৬/৪/২৪ ১২:১৮ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



২৭/৪/২৪ ৬:৪৫ পূর্বাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা